গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
ময়মনসিংহ
www.mymensingh.gov.bd

ময়মনসিংহ জেলার সেপ্টেম্বর/২০২২ খ্রি. মাসের জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ এনামুল হক<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৮ সেপ্টেম্বর ২০২২খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১১.৪৫ ঘটিকা |
| স্থান | অনলাইন (Zoom Software এর মাধ্যমে) |
| উপস্থিতি | : ২৫ (পঁচিশ) জন |

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ অনলাইন সভায় সংযুক্ত সকলকে শুভেচ্ছা জানিয়ে সেপ্টেম্বর/২০২২ মাসের জেলা আইসিটি সভার কার্যক্রম শুরু করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধন আছে কি না, তা জানতে চান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পরবর্তীতে, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সদস্য সচিব কে ময়মনসিংহ জেলার আইসিটি কার্যক্রমের উপর বিস্তারিত উপস্থাপনার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব ময়মনসিংহ জেলার আইসিটি কমিটির মাসিক সভার কার্যক্রম পাওয়ার পয়েন্ট উপস্থাপনার মাধ্যমে তুলে ধরেন। বিস্তারিত উপস্থাপনার পর নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**২. জেলা আইসিটি কমিটি বিষয়ক সভার আলোচ্য বিষয়, সিদ্ধান্ত ও বাস্তবায়নঃ**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ২.১ | <u>শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২:</u> শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এর রেজিস্ট্রেশন চলছে। দুইটি গ্রুপে গ্রুপ 'ক' তে ৮-১২ বছর এবং গ্রুপ 'খ' তে ১৩-১৮ বছরের প্রতিযোগীরা অংশগ্রহণ করতে পারবে। ২৮ আগষ্ট থেকে ২৭ সেপ্টেম্বর, ২০২২, রাত ১২টা পর্যন্ত অনলাইনে লগইন করে নিবন্ধন করা যাবে। কুইজের বিষয়গুলো হচ্ছেঃ শেখ রাসেলের জন্ম, দুরন্ত শৈশব, শিক্ষা জীবন, স্বপ্ন, ভ্রমণ, পছন্দ, খেলাধুলা, তাঁর উপর রচিত গ্রন্থ, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের সঙ্গে কাটানো মুহূর্তসহ বিভিন্ন বিষয়। রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। সদস্য সচিব এ বিষয়ে কমিটির সদস্যদের যার যার ফেইসবুক পেইজ/ফেইসবুক গ্রুপ থেকে প্রচারণা চালানোর জন্য বিশেষভাবে অনুরোধ জানান। | শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এর জন্য নিয়মাবলি এবং কুইজের বিষয় নির্ধারণ করে ইতোমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক যে বিজ্ঞপ্তি প্রচারিত হয়েছে তা সকল শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপকভাবে প্রচার করতে হবে এবং সর্বোচ্চ সংখ্যক নিবন্ধন করতে ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধ করতে হবে। বিজ্ঞপ্তি অনুযায়ী, শুধু ৮-১৮ বছর বয়সীদের জন্য উন্মুক্ত রাখা হয়েছে। একজন প্রতিযোগী একবারই অংশগ্রহণ করতে পারবেন। চূড়ান্ত বিজয়ীদের ক্ষেত্রে বয়স যাচাই সাপেক্ষে পুরস্কার প্রদান করা হবে। ভুল/মিথ্যা তথ্য দিয়ে অংশগ্রহণ করলে তাকে প্রতিযোগিতা থেকে বাতিল বলে গণ্য করা হবে। **অনলাইনে প্রতিযোগিতার গ্রুপ 'ক' এর ক্ষেত্রে সময় ৩০ সেপ্টেম্বর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮ টার মধ্যে যে কোন ১০ মিনিট এবং গ্রুপ 'খ' এর ক্ষেত্রে ১ অক্টোবর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮ টার মধ্যে যে কোন ১০ মিনিট। প্রতি গ্রুপে ০৫টি করে মোট ১০টি (কোর আই ৭, ১১ জেনারেশন) ল্যাপটপ পুরস্কারের জন্য বিতরণ করা হবে** মর্মে সভার সকলকে অবহিত করা হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>জেলা শিক্ষা অফিসার<br><br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি)<br><br>উপজেলা শিক্ষা অফিসার (সকল)<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | <u>সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পঃ</u> ময়মনসিংহ জেলায় ১ম পর্যায়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে ১৫৩টি। এর মধ্যে ১৪৯টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ০১টি ভাষা প্রশিক্ষণ ল্যাব এবং ০৩টি শেখ রাসেল ডিজিটাল ক্লাশরুম। 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)' শীর্ষক প্রকল্পে ময়মনসিংহ জেলায় ২০৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ১১টি সংসদীয় আসন থেকে ১১টি স্কুল অফ ফিউচারসহ সর্বমোট ২১৬টি ল্যাবের বরাদ্দ প্রদান করা হয়েছিল। সর্বমোট ল্যাবের সংখ্যা ৩৬৪টি। ল্যাবের যন্ত্রাংশসমূহ এবং ল্যাব সেটআপ প্রক্রিয়া চলমান আছে। ইতোমধ্যে ল্যাবের সরঞ্জামাদি স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে এবং অধিকাংশ ল্যাব সচল হয়েছে। ইতোমধ্যে ল্যাবের সরঞ্জামাদি স্থাপনের কাজ প্রায় শেষ পর্যায়ে এবং অধিকাংশ ল্যাব সচল হয়েছে। সদস্য সচিব উপজেলার দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারদের শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শনের কিছু সচিত্র প্রতিবেদন তুলে ধরেন। ২০২১-২০২২ অর্থ বছরে বরাদ্দকৃত ২১৬টি ল্যাবের রেনোভেশনের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। | পূর্বে স্থাপিত ল্যাবসমূহের সুষ্ঠু ব্যবহার, রক্ষণাবেক্ষণ ও মেরামত এবং পরিচালনা সংক্রান্ত উপজেলা কমিটির তদারকি জোরদার করতে হবে। ল্যাব মনিটরিং এর জন্য সহকারী প্রোগ্রামারগণ নিয়মিত পরিদর্শন এবং রিপোর্ট প্রেরণ অব্যাহত রাখবেন। নতুন ২১৬টি ল্যাব দ্রুত চালু করার বিষয়ে তদারকি জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল )<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |
| ২.৩ | <u>সুরক্ষাতে কোভিড-১৯ টিকা কার্ড সংশোধনীঃ</u> সুরক্ষা *(www.surokkha.gov.bd)* ওয়েবসাইটে কোভিড-১৯ টিকা কার্ড রেজিস্ট্রেশন করে এ জেলায় টিকা নেওয়া প্রার্থীদের টিকা কার্ড এবং টিকা সনদে তথ্য সংশোধন কার্যক্রম আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ থেকে চলমান রয়েছে। এ পর্যন্ত ময়মনসিংহ জেলায় সুরক্ষা সিস্টেমে তথ্য সংশোধনের জন্য ১৮৯০টি আবেদন গ্রহণ করা হয়েছে। আবেদন নিষ্পন্ন হয়েছে ১৭৫৮টি এবং অনিষ্পন্ন রয়েছে ১৩২টি। সেপ্টেম্বর/২০২২ মাসে আবেদন গ্রহণ হয়েছে ১৮১টি। আবেদন নিষ্পন্নের হার ৯৩.০১%। | সদস্য সচিব সভার সকল সদস্যকে এ বিষয়ে অবহিত করেন এবং “সুরক্ষা”তে টিকা কার্ড ও টিকা সনদে তথ্য সংশোধনের জন্য অত্র দপ্তরে আবেদনের জন্য অনুরোধ করেন। | প্রোগ্রামার |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | <u>ইনফো সরকার-৩য় পর্যায় প্রকল্পঃ</u> ইনফো সরকার ফেজ-৩ এর মাধ্যমে ময়মনসিংহ জেলার ১৩টি উপজেলায় ১৪৫টি ইউনিয়নের মধ্যে ১০৭টি ইউনিয়নে ফাইবার অপটিক কানেক্টিভিটি প্রদানের কার্যক্রম সম্পন্ন হয়েছে । ইতোমধ্যে ১৩টি উপজেলা ও ১০৭টি ইউনিয়ন এর যন্ত্রপাতি স্থাপন ও সংযোগ সম্পন্ন হয়েছে এবং কার্যকর করা হয়েছে। ১০৭টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারে CSR এর আওতায় ৫ MBPS ফ্রি ওয়াইফাই সংযোগ দেয়া হয়েছে। ১৪৫টি ইউনিয়নের মধ্যে ২৮টি ইউনিয়ন বিটিসিএল এবং ১০টি ইউনিয়ন কানেক্টেড বাংলাদেশ প্রকল্পের মাধ্যমে কানেক্ট হবে। ব্যাটারী রিপ্লেসমেন্ট এর কাজ চলমান আছে। ইতোমধ্যে ১০৫টির ব্যাটারী রিপ্লেসমেন্ট সম্পন্ন হয়েছে। ব্যাটারী রিপ্লেসমেন্ট বাকী রয়েছে ০২টি ইউনিয়নে। এখন পর্যন্ত PAT সম্পন্ন হয়েছে ইউনিয়নে ১০৭টি এবং উপজেলায় ১২টি।<br>অপরদিকে FAT সম্পন্ন হয়েছে ইউনিয়নে ৭৭টি এবং উপজেলায় ০৭টি। | ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় ইউডিসি উদ্যোক্তাদের ফ্রী ইন্টারনেট লাইনের সংযোগ থাকবে না। ওয়াইফাই সংযোগের জন্য NTTN (সামিট কমিউনিকেশনস্ লিমিটেড), আইএসপি ও উদ্যোক্তা ত্রিপক্ষীয় চুক্তি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। UDC, NTTN (সামিট কমিউনিকেশনস্ লিমিটেড) ও আইএসপি এর মাধ্যমে ত্রিপক্ষীয় চুক্তির বিষয়ে জানতে চাওয়া হয় এবং দ্রুত বাস্তবায়ন এর উদ্যোগ নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী প্রোগ্রামার (সকল)<br><br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br><br>(ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প)<br><br>সামিট কমিউনিকেশনস্ লি.,ময়মনসিংহ এর প্রতিনিধি |
| ২.৫ | <u>লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্পঃ</u> তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Training শিরোনামে যুগোপযুগী কারিকুলামের মাধ্যমে ময়মনসিংহ জেলায় ৩৬টি ব্যাচে প্রতিটি ব্যাচে ২০জন করে ৭২০ জনের অনলাইন প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এর মধ্যে গ্রাফিক্স ডিজাইনে ১০টি ব্যাচে ২০০জন, ডিজিটাল মার্কেটিং এর ১৪টি ব্যাচে ২৮০জন এবং ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্টের ১২টি ব্যাচে ২৪০ জনকে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩৬টি ব্যাচে প্রতি ব্যাচে ০২জন সর্বোচ্চ উপার্জনকারীকে ৭২টি ল্যাপটপ বিতরণের জন্যে অত্র কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সর্বোচ্চ উপার্জনকারী প্রশিক্ষণার্থীদের তালিকা যাচাই-বাছাই এর মাধ্যমে গত ২২ জুন ২০২২খ্রি. তারিখে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি; সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ; জেলা প্রশাসক, ময়মনসিংহ এবং স্থানীয় ব্যক্তিবর্গের উপস্থিতিতে ১৮ জন সর্বোচ্চ উপার্জনকারীর মাঝে ল্যাপটপ বিতরণ করা হয়েছে। বাকী ৫৪ জনের চূড়ান্ত যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। | লার্নিং এন্ড আর্নিং ডেভেলপমেন্ট প্রকল্প কর্তৃক Professional Outsourcing Trainingকোর্সের মাধ্যমে ৩৬টি ব্যাচে ৭২ জন প্রশিক্ষণার্থীর মাঝে ল্যাপটপ বিতরণের নিমিত্ত ইতোমধ্যে ১৮টি ল্যাপটপ বিতরণ করা হয়েছে এবং বাকি ৫৪টি চূড়ান্ত যাচাই বাছাই শেষে বিতরণ করা হবে। | জেলা প্রশাসন, ময়মনসিংহ<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ<br><br>জনাব মাহমুদুল হাসান মুন, প্রতিনিধি<br><br>Digicon Technologies Ltd. & Jv. |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | <u>ই-নথি বাস্তবায়ন ও প্রশিক্ষণঃ</u> ২০২০-২০২১ অর্থ বছরে জেলা পর্যায়ে ৩০ সেপ্টেম্বর ২০২০খ্রি. তারিখ হতে ০২ (দুই) দিনব্যাপী ০৩টি ব্যাচের মাধ্যমে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরোও ০২টি ব্যাচের তালিকা প্রশিক্ষণের জন্য প্রস্তুত রয়েছে। এছাড়াও, গত ১২ এপ্রিল ২০২১খ্রিস্টাব্দ তারিখ হতে শুরু হয়ে আরোও ০৮টি ব্যাচে ২৫ জন করে ২০০ জন এবং ০২টি ব্যাচে ৩০জন করে ৬০ জন মোট ২৬০ জনের প্রশিক্ষণ গত ০৫মে ২০২১খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। জেলা এবং উপজেলা পর্যায়ে ১২টি ব্যাচের মাধ্যমে ৩২০ জনের প্রশিক্ষণ গত ১৮ আগষ্ট ২০২১খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে। উপজেলা পর্যায়ে গত ৭ এবং ৯ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে ০২টি ব্যাচের মাধ্যমে ৫০ জনকে ই-নথি বিষয়ক রিফ্রেশার্স প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। **এছাড়াও বিভাগীয় ও জেলা পর্যায়ে ০৬টি ব্যাচে প্রতি ব্যাচে ২৫ জন করে ১৫০ জন কে ডি-নথি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।** বর্তমানে জেলা পর্যায়ে ৭৪টি এবং উপজেলা পর্যায়ে ১১৯টি সহ মোট ১৯৩টি অফিস ই-নথি লাইভে আছে। জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ এর বিগত ০৩ মাসের ই-নথি বিষয়ক রিপোর্ট সভায় তুলে ধরা হয়। কেন্দ্রীয় পর্যায় থেকে জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথি সিস্টেমে মাসিক রিপোর্ট পুনরায় দেওয়া হচ্ছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-নথি কার্যক্রমে কিছুটা ধীরগতি পরিলক্ষিত হয়। বিশেষ করে ত্রিশাল, ফুলপুর ও নান্দাইল উপজেলায় ই-নথি কার্যক্রম স্থিমিত হয়ে পড়েছে। সদস্য সচিব সভাপতির মাধ্যমে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে এ বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করার জন্যে অনুরোধ জানান। | ই-নথি কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রশিক্ষণ প্রাপ্ত অফিসসমূহ দ্রুত লাইভে নিয়ে আসতে হবে। জেলা ও উপজেলা কার্যালয়ের ই-নথি কার্যক্রম গতিশীল করার জন্য যেসকল সরকারি অফিস লাইভে আছে সেসকল অফিসকে তাগিদ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।উপজেলা পর্যায়ে ই-নথি কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে বিশেষভাবে তাগিদ প্রদান করেন এবং সকল দপ্তরকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারী কমিশনার (আইসিটি)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | <u>ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্তঃ</u> জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ওয়েব পোর্টালের উপর ২৭টি ব্যাচের মাধ্যমে ৬৭৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেলা পর্যায়ে ১২৫টি সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। এখানে ময়মনসিংহ জেলা পোর্টালের অবস্থা ১০০% হালনাগাদ দেখা গেলেও অধীনস্থ পোর্টাল সমূহের ৬৬% হালনাগাদ অবস্থায় রয়েছে। ওয়েব পোর্টাল হালনাগাদের ১০টি Top Grader এর সরকারি অফিস এবং ১০টি Lowest Grader এর রিপোর্ট তুলে ধরা হয়। একই সাথে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েব পোর্টাল হালনাগাদ রিপোর্টের অবস্থান তুলে ধরা হয়। সদস্য সচিব ফুলপুর, তারাকান্দা ও হালুয়াঘাট উপজেলার ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করার জন্য তাগিদ প্রদান করেন এবং উপজেলা পর্যায়ে নিজ নিজ উপজেলার ওয়েব পোর্টালের রিপোর্টটি উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় তুলে ধরার জন্য অনুরোধ করেন। | জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদ কার্যক্রম গতিশীল করার জন্য সকল দপ্তরকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে জেলার সকল দপ্তরকে তাগিদপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একই সাথে উপজেলা নির্বাহী অফিসারদেরকেও পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)<br><br>দপ্তর প্রধান (সকল)<br><br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>প্রোগ্রামার<br><br>সহকারি কমিশনার (আইসিটি)<br><br>সহকারী প্রোগ্রামার (সকল) |

৩.অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে শুভ কামনা এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ৫৬.০৪.৬১০০.০০০.০৬.০০১.১৯.৭

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য (সকল), ময়মনসিংহ
২) পুলিশ সুপার, ময়মনসিংহ
৩) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, ময়মনসিংহ
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, ময়মনসিংহ
৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, ময়মনসিংহ
৬) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ
৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৯) অধ্যক্ষ, আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ

১০) অধ্যক্ষ, মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ

১১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ময়মনসিংহ

১২) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ

১৩) উপ পরিচালক, জেলা সমাজ সেবা অফিস, জেলা সমাজসেবা কার্যালয়, ময়মনসিংহ

১৪) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ

১৫) বিভাগীয় প্রকৌশলী, বিটিসিএল, ময়মনসিংহ

১৬) অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ

১৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ

১৮) প্রধান শিক্ষক, ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ

১৯) সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ময়মনসিংহ

২০) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প, বিসিসি

২১) জনাব ফারামার্জ আল নূর রাজিব, এডভোকেট, জজ কোর্ট, ময়মনসিংহ

২২) জনাব হুমায়ুন কবীর, ডেপুটি ম্যানেজার, ফাইবার@হোম লিমিটেড, ময়মনসিংহ

২৩) জনাব বুলবুল হোসেন, সাধারণ সম্পাদক, আইসিটি ডেভেলপমেন্ট ফোরাম

২৪) জনাব মোঃ খুরশীদ আলম, সাধারণ সম্পাদক, আইসিটি শিক্ষক ফোরাম, ময়মনসিংহ।

২৫) জনাব মোঃ মোখলেছুর রহমান, পরিচালক, আনন্দ মাল্টিমিডিয়া, ময়মনসিংহ

২৬) জনাব সামিউল মামুন, ডেপুটি ম্যানেজার, সামিট কমিউনিকেশন লিমিটেড, ময়মনসিংহ

২৭) জনাব এস এ এম বশির, CTO, অনিক কম্পিউটার নেটওয়ার্ক, ময়মনসিংহ

২৮) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

নূরে আলম সিদ্দীকী
প্রোগ্রামার